

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা-১২১২
(প্রশাসন শাখা)
www.brta.gov.bd

স্মারক নং : ৩৫.০৩.০০০০.০০০.০০১.১৮.০৩১.২৫-৬৮৮

তারিখ : ০২ এপ্রিল ২০২৬

অফিস আদেশ

সাম্প্রতিক সময়ে দেশে কালবৈশাখী ঝড় ও বজ্রসহ বৃষ্টিপাত হচ্ছে। বিআরটিএ সদর কার্যালয়ের অধিকাংশ বহিঃস্থ অংশ কাচ (গ্লাস) দ্বারা নির্মিত হওয়ায় ঝড়ো হাওয়ায় খোলা দরজা-জানালা থেকে দুর্ঘটনা ও সরকারি সম্পদের ক্ষয়ক্ষতির সম্ভাবনা রয়েছে। সরকারি সম্পদ সুরক্ষা ও অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা এড়াতে নিম্নোক্ত নির্দেশনাসমূহ পালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো:

- নিজ কক্ষের নিরাপত্তা:
প্রতিদিন অফিস ত্যাগের পূর্বে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণ নিজ নিজ কক্ষের জানালা এবং দরজা সঠিকভাবে বন্ধ করার বিষয়টি নিশ্চিত করা।
- বিদ্যুৎ সাশ্রয় ও নিরাপত্তা:
কক্ষ ত্যাগের পূর্বে লাইট, ফ্যান, এসি এবং অন্যান্য সকল বৈদ্যুতিক সরঞ্জামের সুইচ বন্ধ নিশ্চিত করা।
- কমন স্পেস ব্যবস্থাপনা:
মূল ভবনে প্রবেশের গেট, বারান্দা, সিঁড়িঘর, কমন স্পেস প্রভৃতি স্থানের দরজা-জানালা বন্ধ রাখা, ইত্যাদি।

বর্ণিত নির্দেশনা বিআরটিএর সকল কার্যালয়ের ক্ষেত্রে প্রযোজ্য হবে এবং সংশ্লিষ্ট পরিচালক/বিভাগীয় পরিচালক/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ তাদের নিয়ন্ত্রণাধীন জনবলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



০২/০৪/২০২৬ খ্রি.

তানভীর আহমেদ সিদ্দিকী
উপপরিচালক (প্রশাসন) প্রতিকল্প
ফোন : ৪১০৮২৯৮৯
ই-মেইল: dda@brta.gov.bd

বিতরণ:

১। পরিচালক (সকল), বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা; এবং

২। বিভাগীয় পরিচালক (সকল)।

অনুলিপি:

চেয়ারম্যানের একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা।

(অধীনস্থ সংশ্লিষ্ট সকল
কর্মকর্তা/কর্মচারী-কে
যথাযথ নির্দেশনা
প্রদানের অনুরোধসহ)।